

ফাতওয়া নাম্বার: ৭০

প্রকাশকাল: ২২ ই জুলাই, ২০২০ ইংরেজি

## কুরবানীর গোশত বণ্টনের শরয়ী পদ্ধতি কী?

প্রশ্ন:

কুরবানীর গোশত বণ্টনের শরয়ী পদ্ধতি কী? জানতে চাই

প্রশ্নকারী-মোঃ সেলিম খাঁন

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

কুরবানীর গোশত বণ্টনের ক্ষেত্রে মুস্তাহাব হলো, গোশত তিন ভাগ করে এক ভাগ নিজের জন্য রাখবে। এক ভাগ গরীব মিসকিনদের সদকা করবে, আর এক ভাগ আত্মীয়-স্বজনকে হাদিয়া দিবে।

বলা বাহুল্য, বিধানটি যেহেতু মুস্তাহাব তাই প্রয়োজনে ব্যতিক্রম করলেও সমস্যা নেই। -সুনানুত তিরমিযি, হাদীস নং ১৫১০, আলমুগনি: ১৩/১৩৪, বাদায়েউস সানায়ে: ৫/৮০-৮১, রদ্দুল মুহতার: ৬/৩২৭-৩২৮

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)



৩০-১১-১৪৪১ হি.

২২-০৭-২০২০ ইং